# 97740 - চুল কিংবা নখ কাটার পর দাফন করা আবশ্যক নয়

## প্রশ্ন

আমি নখ কাটা কিংবা চুল ফেলার পর সেগুলো দাফন করা কি আবশ্যক?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আপনার উপর সেগুলো দাফন করা আবশ্যক নয়। যদি আপনি দাফন করেন তাহলে সেটি ভালো। আর যদি সেটা করতে না পারেন তাহলেও ইনশাআল্লাহ্ কোন অসুবিধা নাই। চুল ও নখ দাফন করার নির্দেশ সম্বলিত কিছু হাদিস উদ্ধৃত হয়েছে। কিন্তু সে হাদিসগুলো সহিহ নয়।

বাইহাক্বী তাঁর 'শুআবুল ঈমান' গ্রন্থে বলেন: চুল ও নখ দাফন করার হাদিসটি কয়েকটি সনদে বর্ণিত হয়েছে। প্রত্যেকটি সনদই দুর্বল।[সমাপ্ত][নাসবুর রায়াহ ফি তাখরিজি আহাদিছিল হিদায়া (১/১৮৯)]

ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ) বলেন: "চুল ও নখ দাফন করবে। যদি না করতে পারে; তাহলে এতে আমরা কোন অসুবিধা মনে করি না।"[খাল্লাল 'আত-তারাজ্জুল' গ্রন্থে (পৃষ্ঠা-১৯) এটি বর্ণনা করেছেন]

শাইখ মুহাম্মদ বিন সালেহ আল-উছাইমীন (রহঃ) কে চুল ও নখ দাফন সম্পর্কে জিজ্ঞেসে করা হলে জবাবে তিনি বলেন:

"আলেমগণ উল্লেখ করেছেন যে, চুল ও নখ দাফন করা উত্তম ও ভাল। কিছু সাহাবী থেকে এটি বর্ণিত আছে। পক্ষান্তরে এগুলো খোলা জায়গায় পড়ে থাকলে কিংবা কোন স্থানে ফেললে গুনাহ হয়— এমন কথা ঠিক নয়।"[মাজমুউ ফাতাওয়াস শাইখ আল-উছাইমীন (১১/প্রশ্নোত্তর নং ৬০)]